

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
www.plandiv.gov.bd


নং-২০.০০.০০০০.৩০৯.০২.১২.১৩-৫২৬

তারিখঃ ২৪ মে, ২০১৮ খ্রিস্টাব্দ
১০ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়: গবেষণা প্রস্তাবনা আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে এতদসঙ্গে সংযুক্ত বিজ্ঞাপন এবং গবেষণার ক্ষেত্র এবং উপক্ষেত্রের তালিকা জরুরিভিত্তিতে পরিকল্পনা বিভাগের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।


২৪/৫/২০১৮
(মোঃ লুৎফুর রহমান)
গবেষণা কর্মকর্তা (উপসচিব)
ফোনঃ ৯১৮০৭৯৭

ওয়েবে প্রকাশের জন্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
শের-ই-বাংলা নগর, ঢাকা।


নং: ২০.০০.০০০০.৩০৯.০২.১২.১৩

তারিখ: ২১.০৫.২০১৮

বিষয়: ২০১৯-২০২০ অর্থবছরে গবেষণা মঞ্জুরি প্রদানের লক্ষ্যে গবেষণা প্রস্তাবনা আহ্বান

ক্রমিক নম্বর	ক্ষেত্র	উপক্ষেত্র
১.	দারিদ্র্য বিলোপ	চর ও অন্যান্য অঞ্চলের এলাকায় দারিদ্র্য বিমোচন কার্যক্রম, বৈদেশিক কর্মসংস্থান ও রেডিট্যান্স, সামাজিক নিরাপত্তা কার্যক্রম।
২.	স্বাস্থ্য ও কল্যাণ	বিশেষ চাহিদাসম্পন্ন শিশু ও প্রতিবন্ধী ব্যক্তির জন্য উন্নত সমাজ ও শিক্ষার সহায়ক পরিবেশ; দুর্ঘোণ ও প্রতিকূল পরিস্থিতি এবং নারী, শিশু ও প্রতিবন্ধী; প্রতিবন্ধীর কর্মসংস্থান পরিস্থিতি; মা ও শিশু স্বাস্থ্য পরিস্থিতি, বয়ঃসন্ধিকালের সময়স্যা।
৩.	শুগণত শিক্ষা	শিক্ষাক্রমে বাস্তবায়নে শিথল সামগ্রী উন্নয়ন, শিথল-শেখানো পরিস্থিতি, মনিটরিং ও মেন্টরিং, মূল্যায়ন এবং পাবলিক পরীক্ষা, সহশিক্ষাক্রমিক কার্যক্রম, একীভূত শিক্ষা, ভৌত অবকাঠামো পরিস্থিতি, শিক্ষক-শিক্ষার্থী সম্পর্ক ও আচরণ, ড্রপ আউট, বিজ্ঞান শিক্ষা, কওমী ও আলীয়া মাদ্রাসা শিক্ষা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা, নার্সিং শিক্ষা, শিক্ষায় প্রশিক্ষণ পরিস্থিতি, উপানুষ্ঠানিক শিক্ষা, বিশেষ চাহিদাসম্পন্ন শিশুর শিক্ষা, ধর্ম ভিত্তিক শিক্ষা, কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিস্থিতি, ছাত্রাব্যাজার চাহিদা ও কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষা।

৪	যথাযোগ্য কর্ম ও অর্থনৈতিক প্রবৃদ্ধি	বৈশ্বিক শ্রমবাজারে শ্রম চাহিদা ও যোগান, অভিবাসী কর্মীদের দক্ষতা পরিস্থিতি, বিএমটিএ আওতাভুক্ত প্রশিক্ষণ ইনস্টিটিউটের কার্যক্রম পরিস্থিতি, শ্রম অভিবাসন কূটনীতি, শ্রম অভিবাসন ব্যবস্থাপনা, অভিবাসী কর্মীদের জন্য সুযোগসুবিধা ও কল্যাণমূলক সেবা, নারীকর্মীদের শ্রম অভিবাসন, শ্রম অভিবাসন পরিস্থিতি, প্রবাসী শ্রমিকদের রেমিট্যান্সের ব্যবহার।
৫	টেকসই নগর ও সমাজ	জলাবদ্ধতা, বর্জ্য ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থাপনা, পরিবহন ব্যবস্থাপনা, বিনোদন ব্যবস্থাপনা।
৬	শান্তি ও ন্যায়বিচার শক্তিশালীকরণ	পুলিশ বিভাগের কার্যক্রম পরিস্থিতি, দুর্নীতি দমন কার্যক্রম পরিস্থিতি, ট্রাফিক ব্যবস্থাপনা পরিস্থিতি, মাদক নিরোধ পরিস্থিতি।
৭	জলবায়ু পদক্ষেপ	পরিবেশ দূষণ, জলবায়ু এবং অভিযোজন পরিস্থিতি।
৮	অন্যান্য	সামাজিক যোগাযোগ মাধ্যম প্রয়োগ পরিস্থিতি, বিভিন্ন ক্ষেত্রে (শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, শিল্প) গৃহীত সরকারি নীতি এবং বাস্তবায়ন পরিস্থিতি, সমাজ উন্নয়ন এবং ইমামদের ভূমিকা, বাণ্যবিবাহ, বিবাহ বিচ্ছেদ, যৌতুক ও যৌন নির্যাতন পরিস্থিতি, সামাজিক আইন ও বাস্তবায়ন পরিস্থিতি, সমবায় পরিস্থিতি, ক্ষুদ্রঋণ পরিস্থিতি, বয়স্ক পুনর্বাসন।


 ড. উত্তম কুমার দাস
 উপসচিব

ফোন: ৯১৮০০৫৯৮

নং-২০.০০.০০০০.৩০৯.০২.১২.১৩-০৪৩

তারিখঃ ২২ মে, ২০১৮ খ্রিস্টাব্দ
০৬ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ


গবেষণা প্রস্তাবনা আহ্বান

২০১৯-২০২০ অর্থ বছরে আর্থিক মঞ্জুরি প্রদানের লক্ষ্যে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ কর্তৃক গবেষণা মঞ্জুরি প্রদানের ক্ষেত্রে 'সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০১৫/১৬-২০১৯/২০' অনুসরণে 'সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০১৭' অনুযায়ী নিম্নোক্ত ০৮ (আট) টি বিষয়বস্তুর (Theme) উপর গবেষণা প্রস্তাবনা আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	ক্ষেত্র
১.	দারিদ্র্য বিলোপ
২.	সুস্বাস্থ্য ও কল্যাণ
৩.	গুণগত শিক্ষা
৪.	যথাযোগ্য কর্ম ও অর্থনৈতিক প্রবৃদ্ধি
৫.	টেকসই নগর ও সমাজ
৬.	শান্তি ও ন্যায়বিচার শক্তিশালীকরণ
৭.	জলবায়ু পদক্ষেপ
৮.	অন্যান্য

(২) **আবেদনের শর্তাবলী:**

- (১) উপরে বর্ণিত গবেষণা ক্ষেত্রসমূহ ও সংশ্লিষ্ট উপক্ষেত্র বিস্তারিতভাবে বিন্যস্ত করা হয়েছে। এ সংক্রান্ত তথ্যাদি পরিকল্পনা বিভাগের ওয়েব সাইট www.plandiv.gov.bd- এ দেখা যাবে। গবেষক/গবেষণা প্রতিষ্ঠান যে কোন একটি উপক্ষেত্র (ক্রমিক নম্বরসহ) নির্বাচন করে বাংলা অথবা ইংরেজি ভাষায় গবেষণা প্রস্তাব দাখিল করতে পারবেন।
- (২) 'সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০১৭' এ বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণ করে গবেষণা প্রস্তাব দাখিলে আগ্রহী গবেষক/গবেষণা প্রতিষ্ঠানকে আবেদন করতে হবে। সামাজিকবিজ্ঞান গবেষণা নীতি ও কৌশল-২০১৭ এর বিস্তারিত বিবরণ (www.plandiv.gov.bd/ssrc/research_guideline) ওয়েবসাইটে পাওয়া যাবে।
- (৩) গবেষণা প্রস্তাবনার কভার পৃষ্ঠায় গবেষকের নাম, গবেষণার শিরোনাম এবং সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত/প্রশিক্ষণের বিবরণ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- (৪) জাতীয় পরিচয় পত্রের কপি সংযুক্ত করতে হবে।
- (৫) 'সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০১৭' এ বর্ণিত সংযোজনী ১ ও ২ অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে।
- (৬) পিএইচডি ও এমফিল/এমএস গবেষণার ক্ষেত্রে ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ অর্থ বছরে যারা বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রেশন করেছেন, তারা আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।
- (৭) গবেষণা প্রস্তাবনা দাখিলের সর্বশেষ তারিখ: ৩১ আগস্ট, ২০১৮ খ্রি।


(ড. উত্তম কুমার দাশ)
উপসচিব
ফোনঃ ৯১৮০৫৯৮